



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/২০৮

তারিখ : ২৬-০১-২০২২ খ্রি.

বিষয় : জনাব সিদ্ধার্থ গাইন, সহকারী শিক্ষক-কে পূর্ণ বেতন-ভাতাসহ স্বপদে পুনর্বহালকরণ প্রসঙ্গে

সূত্র : ১৯-১২-২০২১ খ্রি. তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৮তম সভার ১৪নং আলোচ্যসূচির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক ও কর্মচারী বিধি অনুযায়ী কোন শিক্ষক ও কর্মচারীকে চূড়ান্ত বরখাস্ত করার পূর্বে প্রস্তাবটি বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হয়। এক্ষেত্রে জনাব সিদ্ধার্থ গাইন, সহকারী শিক্ষক-কে চূড়ান্ত বরখাস্তের পূর্বে কোন প্রস্তাব বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে আসেনি ও বিবেচিত হয়নি এবং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়নি। সুতরাং চূড়ান্ত বরখাস্তটি সম্পূর্ণ বেআইনী ও এখতিয়ার-বহির্ভূত হয়েছে। এমতাবস্থায় আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সদস্যগণ একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, জনাব সিদ্ধার্থ গাইনের চূড়ান্ত বরখাস্তের আদেশ অবৈধ। সুতরাং জনাব সিদ্ধার্থ গাইনের চূড়ান্ত বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তার সকল বেতন-ভাতাসহ স্বপদে পুনর্বহাল করে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

সভাপতি, এডহক/ম্যানেজিং
বুড়িরডাবুর এস ই এস ডি পি মডেল মাধ্যমিক বিদ্যালয়
ডাকঘর : লাউডোব, উপজেলা : দাকোপ, জেলা : খুলনা


১৪:
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন নং ০২৪৭৭৬২৭০৫


স্মারক সংখ্যা-বিঅ-৬/২০৮

তারিখ : ২৬-০১-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাকোপ, খুলনা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের- ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)
- ৮। প্রধান শিক্ষক, বুড়িরডাবুর এস ই এস ডি পি মডেল মাধ্যমিক বিদ্যালয়, লাউডোব, দাকোপ, খুলনা।
- ৯। জনাব সিদ্ধার্থ গাইন, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক, বুড়িরডাবুর এস ই এস ডি পি মডেল মাধ্যমিক বিদ্যালয়, লাউডোব, দাকোপ, খুলনা।
- ১০। সংরক্ষণ নথি।


২৬, ০১, ২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর


২৬/০১/২২